

## ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪২৩০

পর্ব ২১: খাদ্য (ইআন । টিবান )

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ

الْفَصْلُ الثَّانِي

আরবী

وَعَنْ عَلِيّ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: نَهَى رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَن أَكْلِ الثُّومِ إِلَّا مَطْبُوخًا. رَوَاهُ التِّرْمِذِيُّ وَأَبُو دَاوُد

বাংলা

8২৩০-[৭২] 'আলী (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম রান্না করা ব্যতীত রসুন খেতে নিষেধ করেছেন। (তিরমিয়ী ও আবূ দাউদ)[1]

## ফুটনোট

[1] সহীহ : তিরমিয়ী ১৮০৮, আবূ দাউদ ৩৮২৮, ইরওয়া ২৫১২, মা'রিফাতুস্ সুনান ওয়াল আসার লিল বায়াহাকী ১৫২৫, আস্ সুনানুল কুবরা লিল বায়হাকী ৫২৬৭।

## ব্যাখ্যা

ব্যাখ্যাঃ আল কারী (রহিমাহুল্লাহ) বলেছেনঃ আলোচ্য হাদীসটি পূর্ববর্তী একাধিক হাদীসের 'আম বর্ণনাকে সুনির্দিষ্টভাবে বর্ণনা করেছেন। (অর্থাৎ পূর্ববর্তী হাদীসগুলোতে 'আমভাবে রসুন খাওয়া নিষেধ করা হয়েছে, আর এ হাদীসে পাকানো রসুন ছাড়া কাঁচা রসুন খাওয়ার প্রতি নিষেধ করা হয়েছে)। ('আওনুল মা'বূদ ৬৯ খন্ড, হাঃ ৩৮২৪)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আলী ইবন আবী তালিব (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন